

৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলা।

চেয়ারম্যানঃ জালাল উদ্দিন

সূত্র :

তারিখঃ

সভার কার্য বিবরণী

৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা লামা, বান্দরবান পার্বত্য জেলা।

সভার তাং- ২৮/০২/২০১৮ইং

সময়- সকাল ১১.০০ ঘটিকায়

কার্যালয়

স্থান- ৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ

উপস্থিত সদস্যবৃন্দের নামঃ-

ক্র: নং	নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
১।	জনাব জালাল উদ্দিন	চেয়ারম্যান	-	স্বাক্ষরিত
২।	জনাবা ফাতেমা বেগম	সদস্য	১, ২, ৩	স্বাক্ষরিত
৩।	জনাবা শাহেদা ইয়াছমিন	সদস্য	৪, ৫, ৬	স্বাক্ষরিত
৪।	জনাবা হুয়েনছেন মার্মা	সদস্য	৭, ৮, ৯	স্বাক্ষরিত
৫।	জনাব আকবর হোসেন মেহেরাজ	সদস্য	১	স্বাক্ষরিত
৬।	জনাব কামাল হোসেন	সদস্য	২	স্বাক্ষরিত
৭।	জনাব জয়নাল আবেদীন	সদস্য	৩	স্বাক্ষরিত
৮।	জনাব সরোয়ার আলম	সদস্য	৪	স্বাক্ষরিত
৯।	জনাব মোঃ জোবায়ের	সদস্য	৫	স্বাক্ষরিত
১০।	জনাব খোয়াইহা চিং মার্মা	সদস্য	৭	স্বাক্ষরিত
১১।	জনাব খোয়াইহা মার্মা	সদস্য	৮	স্বাক্ষরিত
১২।	জনাব সুইশ্রাঅং মার্মা	সদস্য	৯	স্বাক্ষরিত
১৩।	জনাব কাগজ কান্তি দাশ	সচিব	-	স্বাক্ষরিত

অদ্য ২৮/০২/২০১৮ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় অত্র ৭নং ফাইতং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য-সদস্যগণের মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাবা সাজেদা ইয়াছমিন, সদস্য এর প্রস্তাবক্রমে জনাব কামাল হোসেন এর সমর্থন ক্রমে ও উপস্থিত সকল সদস্য-সদস্যগণের সর্বসম্মতিক্রমে অত্র ৭নং ফাইতং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জালাল উদ্দিন কর্তৃক সভাপতির আসন গ্রহণ করতঃ নিম্ন লিখিত প্রস্তাবলি সর্বসম্মতিক্রমে পাশ ও অনুমোদন করা হয়।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

১ম প্রস্তাবঃ গত অধিবেশনের প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন সম্বন্ধে আলোচনা।

অদ্যকার সভায় সভাপতি সাহেবের প্রস্তাবক্রমে অত্র পরিষদের অন্যতম সদস্য জনাব জনাবা হুয়েনছেন মার্মা কর্তৃক গত অধিবেশনের প্রস্তাবাবলী পাঠ করিয়া উপস্থিত সকলকে শোনানো হয়। উক্ত প্রস্তাবের প্রতি কাহারো কোন ধরনের সংশোধন, সংযোজন না থাকায় পাশ ও অনুমোদন করা হয়।

২য় প্রস্তাবঃ জন্ম নিবন্ধন প্রসঙ্গে আলোচনা।

অদ্যকার সভায় সভাপতি সাহেব প্রস্তাব করিয়া বলেন যে, অত্র ৭নং ফাইতং ইউনিয়ন এর অধিকাংশ লোক পিঁছিয়া পড়া গরিব, পাহাড়ী ও অপাহাড়ী ও অসচেতন জনগোষ্ঠী হয় বলে এলাকাবাসী জন্ম নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে তাদের কোন ধারণা না থাকায় বেশির ভাগ লোক জন্ম নিবন্ধন করে নাই। বর্তমানে তাদের ছেলে মেয়েদেরকে লেখাপাড়া করাইতে ও স্কুলে ভর্তি করিতে জন্ম নিবন্ধন এর জন্য খুবই কষ্টকর হইয়া পড়িয়াছে। জন্ম নিবন্ধন করিতে

সরকার যে সমস্ত ডকুমেন্ট ও কাগজ পত্র সংযুক্ত করার জন্য বলিয়াছে সে সমস্ত কাগজ পত্র যোগাড় করা অত্র এলাকার অশিক্ষিত পিঁছিয়া পড়া জনগোষ্ঠীর পক্ষে সম্ভবপর হইতেছে না। এ প্রস্তাবে উপস্থিত সদস্যগণের মধ্যে বিশদভাবে আলাপ আলোচনার পর জন্ম নিবন্ধন এর ক্ষেত্রে আগামী ৩০ শে জুন ২০১৮ইং পর্যন্ত প্রয়োজনীয় কাগজ পত্রাদির ব্যাপারে শিথিল করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সভা যোগে অনুরোধ করা হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

৩য় প্রস্তাব : সোনালী ব্যাংক লামা শাখার ৭নং ফাইতং ইউপি উন্নয়ন তহবিল ৩৩০০৯০০৪ হিসাবে সচিবের স্বাক্ষর ও মহিলা সদস্যের স্বাক্ষর পরিবর্তন করা সম্পর্কে আলোচনা।

অধ্যকার সভায় অত্র পরিষদের অন্যতম সদস্য জনাব সুইশ্রাঅং মার্মা জানান যে, অত্র পরিষদের নতুন সচীব জনাব কাগল কান্তি দাশ অত্র পরিষদের যোগদান করায় ৭নং ফাইতং ইউপি উন্নয়ন সহায়তা তহবিল ৩৩০০৯০০৪ নং হিসাবের পুরাতন সচীব জনাব মোহাম্মদ হোসেন এর স্বাক্ষরের পরিবর্তে বর্তমান সচীব জনাব কাগল কান্তি দাশ এর স্বাক্ষর সংযুক্ত করা ও মহিলা সদস্য জনাব হুইচিং এর স্বাক্ষরের পরিবর্তে জনাবা সাজেদা ইয়াছমিন এর স্বাক্ষর সংযুক্ত করার জন্য প্রস্তাব করিলে উপস্থিত সদস্যগণের মধ্যে উক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে উক্ত ৩৩০০৯০০৪নং হিসাবটি ১। চেয়ারম্যান জনাব জালাল উদ্দিন, ২। সচিব, জনাব কাজল কান্তি দাশ ও ৩। সদস্য জনাবা সাজেদা ইয়াছমিন এর যৌথ স্বাক্ষরে পরিচালনা করার জন্য সোনালী ব্যাংক লামা শাখাকে সভা যোগে অনুরোধ করা হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

৪র্থ প্রস্তাব : সচিব কাজল কান্তি দাশ এর ইউপি অংশের ২৫% বকেয়া বেতন ভাতা প্রদান প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভায় সভাপতি সাহেব প্রস্তাব করিয়া বলেন যে, অত্র পরিষদের সচিব জনাব কাগল কান্তি দাশ গত নভেম্বর ২০১৭ হইতে ফেব্রুয়ারী ১৮ পর্যন্ত ৪ মাসের ইউপি অংশের ২৫% বকেয়া বেতন ভাতা বাবদ প্রতিমাসে ৯,৭৩৭/- টাকা হিসেবে ৪ মাসে ৩৮,৯৪৮/- টাকা পাওনা আছে। বর্তমান পরিষদের তহবিলে টাকা না থাকায় সচিবের বেতন ভাতা প্রদান করা সম্ভব হয়নি। এই প্রস্তাবে উপস্থিত সদস্যগণের মধ্যে বিশদভাবে আলাপ আলোচনার পর পরিষদ তহবিলের টাকা প্রাপ্ত সাপেক্ষে সচিবের ইউপি অংশের বকেয়া বেতন ভাতা প্রদান করার জন্য চেয়ারম্যান সাহেবকে সভা যোগে অনুরোধ করা হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

৫ম প্রস্তাব : চেয়ারম্যান, মেম্বার ও চৌকিদার, দফাদারদের ইউপি অংশের বকেয়া সম্মানী প্রদান প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভায় সভাপতি সাহেব প্রস্তাব করিয়া বলেন যে, বর্তমান পরিষদের তহবিলে টাকা না থাকায় চেয়ারম্যান, মেম্বার ও চৌকিদার, দফাদারদের ইউপি অংশের বকেয়া সম্মানী ভাতা প্রদান করা সম্ভব হয়নি। এই প্রস্তাবে উপস্থিত সদস্যগণের মধ্যে বিশদভাবে আলাপ আলোচনার পর পরিষদ তহবিলের টাকা প্রাপ্ত সাপেক্ষে চেয়ারম্যান, মেম্বার ও চৌকিদার, দফাদারদের ইউপি অংশের বকেয়া সম্মানী ভাতা প্রদান করার জন্য চেয়ারম্যান সাহেবকে সভা যোগে অনুরোধ করা হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

৬ষ্ঠ প্রস্তাব : বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীর ভাতাভোগীর তালিকা বাছাই প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভায় অত্র পরিষদের সচিব জনাব কাজল কান্তি দাশ জানান যে, অত্র ইউনিয়নের জন্য নতুন ভাবে ১১জন বয়স্ক ভাতা, ৬জন বিধবা ভাতা ও ৩জন প্রতিবন্ধী ভাতা ভোগীর বরাদ্দ পাওয়া গিয়াছে। কাজেই ভাতাভোগীর তালিকা বাছাই করার প্রস্তাব করিলে উপস্থিত সদস্যগণের মধ্যে আলাপ আলোচনার পর সংযুক্ত তালিকা মোতাবেক ১১জন বয়স্ক ভাতা, ৬জন বিধবা ভাতা ও ৩জন প্রতিবন্ধী ভাতা ভোগী বাছাই করা হয়। উক্ত ভাতাভোগীর অনুমোদন দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সভাযোগে অনুরোধ করা হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

৭ম প্রস্তাব : পরিষদ তহবিল হইতে বিজিডি চাউল পরিবহনের খরচ উত্তোলন করা প্রসঙ্গে আলোচনা।

অধ্যকার সভায় সভাপতি সাহেব প্রস্তাব করিয়া বলেন যে, গত নভেম্বর ১৭ মাস ফেব্রুয়ারী ১৮ পর্যন্ত ৪ মাসের বিজিডি চাউল পরিবহন ও লেবার খরচ সহ প্রতিমাসে ৫,০০০/- টাকা হারে মোট ২০,০০০/- পাওনা আছে। পরিষদ তহবিলে টাকা না থাকায় উক্ত পরিবহন ব্যয় সমূহ প্রদান করা সম্ভব হয় নাই। এই প্রস্তাব উপস্থিত সদস্যগণের মধ্যে আলাপ আলোচনার পর পরিষদ তহবিলে থাকা প্রাপ্ত সাপেক্ষে ১ মাসের করে করে হলেও প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য চেয়ারম্যান সাহেবকে অনুরোধ করা হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

৮ম প্রস্তাব : ২০১৭-১৮ অর্থ বছরের এলজিএসপি- ৩ এর অধিন ওয়ার্ড কমিটি ও তদারকি কমিটি গঠন প্রসঙ্গে আলোচনা।

অদ্যকার সভায় সভাপতি সাহেব প্রস্তাব করিয়া বলেন যে, ২০১৭-১৮ অর্থ বছরের এলজিএসপি- ৩ এর অধিন প্রকল্প সমূহ সুষ্ঠু বাস্তবায়ন করার জন্য প্রত্যেক ওয়ার্ড হইতে ওয়ার্ড কমিটি ও প্রকল্প সুপারভিশন কমিটি পাওয়া গিয়াছে। উক্ত প্রস্তাবে উপস্থিত মধ্যে আলাপ আলোচনার পর প্রত্যেক ওয়ার্ড হইতে প্রাপ্ত ওয়ার্ড কমিটি ও তদারকি কমিটি অনুমোদন দান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ ও গৃহীত হয়।

১নং ওয়ার্ডে ওয়ার্ড কমিটি			১নং ওয়ার্ডের তদারকি কমিটি		
ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী	ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী
০১		সভাপতি	০১		সভাপতি
০২		সেক্রেটারী	০২		সেক্রেটারী
০৩		সদস্য	০৩		সদস্য
০৪		সদস্য	০৪		সদস্য
০৫		সদস্য	০৫		সদস্য
০৬		সদস্য	০৬		সদস্য
০৭		সদস্য	০৭		সদস্য

২নং ওয়ার্ডে ওয়ার্ড কমিটি			২নং ওয়ার্ডের তদারকি কমিটি		
ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী	ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী
০১		সভাপতি	০১		সভাপতি
০২		সেক্রেটারী	০২		সেক্রেটারী
০৩		সদস্য	০৩		সদস্য
০৪		সদস্য	০৪		সদস্য
০৫		সদস্য	০৫		সদস্য
০৬		সদস্য	০৬		সদস্য
০৭		সদস্য	০৭		সদস্য

৩নং ওয়ার্ডে ওয়ার্ড কমিটি			৩নং ওয়ার্ডের তদারকি কমিটি		
ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী	ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী
০১		সভাপতি	০১		সভাপতি
০২		সেক্রেটারী	০২		সেক্রেটারী
০৩		সদস্য	০৩		সদস্য
০৪		সদস্য	০৪		সদস্য
০৫		সদস্য	০৫		সদস্য
০৬		সদস্য	০৬		সদস্য
০৭		সদস্য	০৭		সদস্য

৪নং ওয়ার্ডে ওয়ার্ড কমিটি			৪নং ওয়ার্ডের তদারকি কমিটি		
ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী	ক্র:নং	কমিটির সদস্যদের নাম	পদবী
০১		সভাপতি	০১		সভাপতি
০২		সেক্রেটারী	০২		সেক্রেটারী
০৩		সদস্য	০৩		সদস্য
০৪		সদস্য	০৪		সদস্য
০৫		সদস্য	০৫		সদস্য
০৬		সদস্য	০৬		সদস্য
০৭		সদস্য	০৭		সদস্য

০৪		সদস্য		০৪		সদস্য
০৫		সদস্য		০৫		সদস্য
০৬		সদস্য		০৬		সদস্য
০৭		সদস্য		০৭		সদস্য

অদ্যকার সভায় অত্র পরিষদের উন্নয়নকল্পে আর কোন জরুরী আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(জালাল উদ্দিন)

চেয়ারম্যান

৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং- ফাইতং ইউ,পি/২০১৮

তারিখঃ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। মাননীয় জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
- ২। মাননীয় উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বান্দরবান।
- ৩। মাননীয় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। মাননীয় উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

(জালাল উদ্দিন)

চেয়ারম্যান

৭নং ফাইতং ইউনিয়ন পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।